গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শাহ্ সুলতান কলেজ, বগুড়া।

স্মারক নং- সশাসুক/বগ/২০২৫/-১৩৪০ তারিখ: ২৫/১১/২০২৫ খ্রি.

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সূত্র: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৬/৩৩৪৮, তারিখ: ২০/১১/২০২৫

সরকারি শাহ্ সুলতান কলেজ, বগুড়ায় ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন করা যাচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে Honours এর Apply Now (Honours)-এ প্রবেশ করে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করতে হবে। এরপর কলেজ ওয়েবসাইটে (govssc.edu.bd) প্রবেশ করে Payment অপশনে ক্লিক করতে হবে। তারপর Admission/Form fill-up/Session Charge এ ক্লিক করে Under Graduate (Honours) মেনু থেকে Honours 1st Year Admission 2025-2026 ট্যাবে Apply Now ক্লিক করতে হবে। সেখানে Department/Group, Applicant ID/Admision Roll No/Registration no দিয়ে তা Verify করলে ভর্তির আবেদন ফরম আসবে। সেটি অনলাইনে পূরণ করে ekpay পেমেন্ট গেটওয়ের মাধ্যমে যে কোনো মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং ও ব্যাংক কার্ড ব্যবহার করে ভর্তির প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা জমা দিতে হবে। ভর্তির প্রাথমিক আবেদন ফি জমা দেওয়ার পর SAVE বাটনে ক্লিক করে অনলাইন ভর্তির প্রাথমিক আবেদন প্রক্রিয়া সম্পন্ন হবে। তারপর উক্ত ফরমটি ডাউনলোড করে প্রিন্ট কপি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সহকারে অত্র কলেজের **সিইডিপি অফিসে জনাব মোঃ নাহিদ আলী/মোঃ মাসুদ রানার নিকট** জমা দিতে হবে। উক্ত ফরমের একটি কপি শিক্ষার্থীদেরকে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া হলো। ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য যোগাযোগের মোবাইল নম্বর-০১৬৮৪২২৫৭৩৪/০১৭১৩৭৩৭৮২৬

***ভর্তি পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিজ্ঞপ্তি আকারে জানানো হবে।**

| | |
|---|---|
| অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করার তারিখ: | ২৩/১১/২০২৫ থেকে ৩১/১২/২০২৫ পর্যন্ত। |
| প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দেয়ার তারিখ | ২৪/১১/২০২৫ থেকে ০৪/০১/২০২৬ পর্যন্ত। |
| আবেদনকারী কর্তৃক প্রাথমিক আবেদন ফরম কলেজে (সিইডিপি) জমা দেয়ার শেষ তারিখ: | ২৪/১১/২০২৫ থেকে ০৪/০১/২০২৬ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত ১০.০০টা থেকে বেলা ২.০০টা পর্যন্ত) |

| | |
|---|---|
| অনার্স বিষয়সমূহ ও আসন সংখ্যা | ১। বাংলা-১৩০, ২। ইংরেজি-১৪৫, ৩। অর্থনীতি-২১০, ৪। রাষ্ট্রবিজ্ঞান-১৩০, ৫। ইতিহাস-১২০, ৬। দর্শন-১০০, ৭। হিসাববিজ্ঞান-২২৫, ৮। ব্যবস্থাপনা-২২৫, ৯। গণিত-১৭০, ১০। পদার্থবিজ্ঞান-১২০, ১১। রসায়ন-১২০, ১২। ভূগোল ও পরিবেশ-১০০, ১৩। প্রাণিবিজ্ঞান-১০০ এবং ১৪। উদ্ভিদবিজ্ঞান-১১০। |

**প্রয়োজনীয় কাগজপত্র :**

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে উত্তোলিত প্রাথমিক আবেদন ফরম (শিক্ষার্থীর স্বাক্ষরসহ)।
২। কলেজ ওয়েবসাইট থেকে উত্তোলিত ফি জমাদানের আবেদন ফরম।
৩। এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি ১টি করে।

প্রতিস্বাক্ষর

২৫/১১/২৫
অধ্যক্ষ
সরকারি শাহ্ সুলতান কলেজ, বগুড়া।
অধ্যক্ষ
সরকারি শাহ্ সুলতান কলেজ
বগুড়া।

২৫/১১/২০২৫
আহ্বায়ক
১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি (২০২৫-২৬)
সরকারি শাহ্ সুলতান কলেজ, বগুড়া।

অনুলিপি:

১. উপাধ্যক্ষ; ২. সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ; ৩. সম্মানিত বিভাগীয় প্রধান (সকল), অত্র কলেজ। ৪. সদস্যগণ, অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২৫-২০২৬; ৫. কলেজ ওয়েব সাইট; ৬. নোটিশ বোর্ড; ৭. অফিস নথি।